গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
বাজেট ও আর্থিক ব্যবস্থাপনা অধিশাখা
www.sid.gov.bd

বিষয়: পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় উল্লিখিত 'নৈতিকতা কমিটির' ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. শাহনাজ আরেফিন, *এনডিসি*<br>সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ |
| তারিখ | : | ৩০ ডিসেম্বর ২০২১ |
| সময় | : | বিকাল ৪.০০ টা |
| স্থান | : | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সভা কক্ষ |
| উপস্থিতি | : | সংযুক্ত |

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব মো. শাহাবুদ্দিন খান, অতিরিক্ত সচিব (প্রশাসন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ সভা আহ্বানের উদ্দেশ্য ও বিষয়বস্তু সম্পর্কে সদস্যগণকে অবহিত করেন এবং নৈতিকতা কমিটির ১ম সভার কার্যবিবরণী পাঠ করেন। কোনো সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। অতঃপর তিনি আলোচ্যসূচি উপস্থাপনার জন্য মোসা: কামরুন্নাহার, উপসচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগকে অনুরোধ করেন। মোসা: কামরুন্নাহার বিগত সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা নিম্নরূপে উপস্থাপন করেন:

| ক্র. নং | গত সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ১. | ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার কোয়ার্টার ভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | ১ম ত্রৈমাসিক প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে (৫/১০/২০২১) মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। |
| ২. | (ক) সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের কর্মকর্তাগণকে নিয়মিত অধিশাখা/শাখা পরিদর্শন করে সুপারিশসহ প্রতিবেদন দাখিল করতে হবে। | (ক) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের কর্মকর্তাগণ নিয়মিত অধিশাখা/শাখা পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করছেন। |
| | (খ) প্রতিমাসে পরিদর্শনকারী কর্মকর্তার সংখ্যা, যারা পরিদর্শন করেননি তার সংখ্যা এবং পরিদর্শনের সুপারিশ বাস্তবায়ন অগ্রগতি মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | (খ) মাসিক সমন্বয় সভায় পরিদর্শনকারী কর্মকর্তার তালিকা/যারা পরিদর্শন করেননি তাদের তালিকা উপস্থাপন করা হচ্ছে। |
| ৩. | ৩০ সেপ্টেম্বর, ২০২১ তারিখের মধ্যে e-GP পদ্ধতিতে সকল ক্রয়কার্যের প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। | ৩০/৯/২০২১ তারিখে বিজ্ঞাপনের পরিপ্রেক্ষিতে দু'টি ক্রয়কার্যের চুক্তি স্বাক্ষরিত হয়েছে। |
| ৪. | (ক) প্রণীত 'প্রশিক্ষণ ক্যালেন্ডার' অনুযায়ী যথাসময়ে প্রশিক্ষণ প্রদান করতে হবে। | (ক) প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুযায়ী যথাসময়ে প্রশিক্ষণ প্রদান, প্রশিক্ষণার্থীদের উপস্থিতি নিশ্চিতকরণ এবং যথাসময়ে প্রশিক্ষণের আয়োজন করা হচ্ছে। |

| ক্র. নং | গত সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| | (খ) প্রশিক্ষণ চলাকালে সকল প্রশিক্ষণার্থীকে সার্বক্ষণিকভাবে উপস্থিত থাকার বিষয়টি নিশ্চিত করতে হবে। | (খ) প্রশিক্ষণার্থীগণের সার্বক্ষণিকভাবে উপস্থিতি নিশ্চিত করা হচ্ছে। |
| | (গ) সব প্রশিক্ষণ যাতে যথাসময়ে সম্পন্ন হয়-সে বিষয়টি অডিট ও সমন্বয় শাখার কর্মকর্তাকে নিবিড়ভাবে তদারকি করতে হবে। | (গ) প্রশিক্ষণ যথাসময়ে সম্পন্ন করার জন্য অডিট ও সমন্বয় শাখার কর্মকর্তা নিবিড়ভাবে তদারক করছে। |
| ৫. | (ক) পরিসংখ্যান ভবনের বাইরের ওয়াল পরিষ্কারকরণ ও ভবনের সামনে-পিছনে স্থাপিত 'পরিসংখ্যান ভবন' লেখা আরও স্পষ্ট/উজ্জ্বলকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (ক) পরিসংখ্যান ভবনের বাইরের ওয়াল পরিষ্কারকরণ ও ভবনের সামনে-পিছনে স্থাপিত 'পরিসংখ্যান ভবন' লেখা আরও স্পষ্ট/উজ্জ্বলকরণের বিষয়ে প্রাথমিক প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। টেন্ডার কার্যক্রম প্রক্রিয়াধীন e-GP-র মাধ্যমে। |
| | (খ) ভবনের আঙিনা সার্বক্ষণিকভাবে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা ও জীবাণুনাশক ছিটানো কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | (খ) ভবনের আঙিনা সার্বক্ষণিকভাবে পরিস্কার পরিচ্ছন্ন কার্যক্রম অব্যাহত রয়েছে। |
| | (গ) পরিচ্ছন্নতার কাজে নিয়োজিত সকল 'ক্লিনার' যাতে তাদের যথাযথ দায়িত্ব পালন করে সে ব্যাপারে তদারকি করতে হবে। | (গ) পরিচ্ছন্নতার কাজে নিয়োজিত পরিচ্ছন্ন কর্মীদের কাজ তদারকি করা হচ্ছে। |
| | (ঘ) বেইজমেন্ট-এর অকেজো মালামাল দ্রুত অপসারণ ও পর্যাপ্ত আলোর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (ঘ) বেইজমেন্টের অকেজো মালামাল দ্রুত অপসারণের লক্ষ্যে নষ্ট গাড়ি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অনুমতিক্রমে নিলামে বিক্রয় করা হয়েছে এবং পর্যাপ্ত আলোর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। |

০২। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে অদ্যকার সভার আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত নিম্নরূপ:

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | নৈতিকতা কমিটির সভা | ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার কোয়ার্টার ভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ এবং ওয়েবসাইটে আপলোডের বিষয়ে বিস্তারিত বিষয়ে আলোচনা হয়। | ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২য় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে এবং পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ওয়েবসাইটে আপলোড করতে হবে। ৩য় ও ৪র্থ কোয়ার্টারের নৈতিকতা কমিটির সভা যথাসময়ে আয়োজন করতে হবে। | যুগ্মসচিব (বাজেট) SID |
| ২ | নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত নির্ধারিত সময়ে যথাযথভাবে বাস্তবায়নের উপর | নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | সিনিয়র সহকারী সচিব প্রশাসন-২ শাখা |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | আলোচনা হয়। | | |
| ৩ | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে ৩য় কোয়ার্টারে সভা আয়োজন করতে হবে। সভায় সংশ্লিষ্ট অংশীজন উপস্থিতির বিষয়ে আলোচনা করা হয়। | অংশীজনের সভায় সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/ অধিদপ্তরের প্রতিনিধিদের উপস্থিতি নিশ্চিত করতে হবে। | উপসচিব (বাজেট) |
| ৪ | শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | ৩য় কোয়ার্টারে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পা অনুযায়ী শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ আয়োজনের উপর বিস্তারিত আলোচনা হয়। | শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ নির্ধারিত সময়ের মধ্যে আয়োজন করতে হবে। | সিনিয়র সহকারী সচিব (প্রশসান-২) |
| ৫ | কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/ টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/ পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি) | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের কর্ম-পরিবেশ উন্নয়নের লক্ষ্যমাত্রা অনুযায়ী ৩য় কোর্য়াটারে পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধিকরণের উপর আলোচনা হয়। | কর্ম-পরিবেশ উন্নয়নে পরিস্কার পরিচ্ছন্নতা বৃদ্ধিকরণসহ পরিস্কার পরিচ্ছন্নতা কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | সিনিয়র সহকারী সচিব প্রশাসন-২ শাখা |
| ৬ | প্রকল্পের PSC সভা আয়োজনপরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ | ২য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অনুযায়ী ৪টি প্রকল্পের Project Steering Committee (PSC) সভা অনুষ্ঠিত হয়েছে। | ৩য় ও ৪র্থ কোয়ার্টারের Project Steering Committee (PSC) সভা নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী সম্পন্ন করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) |
| ৭ | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন বার্ষিক উন্নয়ন কর্মসূচি | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর শুদ্ধাচার কর্মপরিকল্পনা অনুযায়ী বার্ষিক উন্নয়ন কর্মসূচির বাস্তবায়ন অগ্রগতি সভায় আলোচনা হয়। | বার্ষিক উন্নয়ন কর্মসূচির বাস্তবায়ন অগ্রগতির লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) এবং মহাপরিচালক বিবিএস |
| ৮ | শুদ্ধাচার বিষয়ক উদ্বুদ্ধকরণ সভা | ৩য় ও ৪র্থ কোয়ার্টারে শুদ্ধাচার বিষয়ক উদ্বুদ্ধকরণ সভা ফলপ্রসূ করার জন্য বিভাগ/ জেলা/ উপজেলা পর্যায়ে স্টেকহোল্ডার, সুশীল সমাজ, সাংবাদিকদের অংশগ্রহণে আয়োজন করার বিষয়ে আলোচনা করা হয়। | ৩য় ও ৪র্থ কোয়ার্টারে শুদ্ধাচার বিষয়ক উদ্বুদ্ধকরণ সভা ফলপ্রসূ করার জন্য বিভাগ/ জেলা/ উপজেলা পর্যায়ে স্টেকহোল্ডার, সুশীল সমাজ, সাংবাদিকদের অংশগ্রহণে আয়োজন করার প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে। | যুগ্মসচিব (বাজেট) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ |

০৩। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২১/০৩/০২২

(ড. শাহনাজ আরেফিন, এনডিসি)
সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ